# বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম
# একাদশ শ্রেণি অ্যাসাইনমেন্ট-২০২০
# (ব্যবসায় শিক্ষা বিভাগ)

(২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী একাদশ বার্ষিক পরীক্ষা-২০২০ এ অনুপস্থিত ছিল বা অকৃতকার্য হয়েছে তাদের জন্য প্রযোজ্য। আগামী ১০/১২/২০২০ তারিখের মধ্যে অ্যাসাইনমেন্ট সম্পন্ন করে কলেজ অফিসে জমা দিতে হবে।)

বাংলাঃ

প্রশ্নঃ১

উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও

আজি এ প্রভাতে রবির কর
কেমনে পশিল প্রাণের পর
কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান
না জানি কেন রে এতদিন পরে জাগিয়া উঠিল প্রাণ,
জাগিয়া উঠিছে প্রাণ
ওরে উথলি উঠিছে বারি,
ওরে প্রাণের বাসনা প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি।

ক) কবি আল মাহমুদের প্রকৃত নাম কী?
খ ) " দুটি চোখের কোটরে কাটা সুপারির রং"-বলতে কবি কী বুঝিয়েছেন ?
গ) উদ্দীপকের লোক-লোকান্তর কবিতার যে দিকটি ব্যক্ত হয়েছে তা ব্যাখ্যা।
ঘ) উদ্দীপকের চেতনা আর লোক-লোকান্তর কবিতার চেতনা এক ও অভিন্ন-বিশ্লেষণ কর।

## ENGLISH 1ST PAPER

******Read the passage and answer the questions:**

*Adolescence constitutes a nation's…….double the national rate.* [U-6, L-2]

### Question:2:

**Choose the correct answer from the alternatives:**

a) What could be the closest meaning for the word "constitute" in the first sentence?
(i) take
(ii) form
(iii) add
(iv) make

b) Adolescence is a _____ period from childhood to adulthood.
(i) transition
(ii) transitory
(iii) transitional
(iv) transient

c) The synonym of 'affluent' is-
(i) destitute
(ii) poor
(iii) poverty
(iv) well-off

d) What does the word 'vulnerable' mean?

(i) immune
(ii) exposed
(iii) free
(iv) serious
e) The word 'supportive' refers to-
(i) helpful
(ii) rude
(iii) greedy
(iv) illiterate
f) The word 'adolescence' can be replaced by-
(i) puberty
(ii) adulthood
(iii) infancy
(iv) all of them
g) Which of the following is the correct meaning of 'inequality' used in this passage?
(i) difference
(ii) equality
(iii) exploitation
(iv) none of them
h) When does a girl begin full-time work in her husband's family?
(i) when she drops out of school
(ii) after her marriage
(iii) when she is matured
(iv) when she becomes mother

i) What is the correct meaning of the word 'marginalize'?
(i) to treat someone as if they are not important.
(ii) to treat someone like they are mad
(iii) to treat someone like they are special
(iv) to treat someone like they are insane

j) 'Dowry' stands for-
(i) money
(ii) gift
(iii) wedding gift given by the bride to the bridegroom
(iv) the money or property demanded by the bridegroom from the bride's family

## Question:3:

**Answer the following questions:**
(a) How will you define 'adolescence'?
(b) What do the adolescent girls in Bangladesh usually face?
(c) What are the effects of female inequality in Bangladesh.
(d) How do wealth and education influence a girl's marriage?
(e) Why do you think the adolescent girls are at high risk in terms of pregnancy and childbirth?

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তিঃ

প্রশ্নঃ৪

সানজিদা শিক্ষা সফরে ঢাকা এসে বঙ্গাবন্ধু নভোথিয়েটো পরিদর্শনে যায়। সেখানে কৃত্রিম পরিবেশে সৌরজগতেরর দৃশ্যাবলি দেখে । সানজিদা দৃশ্যাবলি দেখার সময় মহাকাশ ভ্রমণরত একজন নভোচারীর মতো রোমাঞ্চকর অনুভূতি অনুভব করল। পরে ধানমন্ডিতে তার একবন্ধুর বাসায় বেড়াতে যায়। বাসায় একটা বিষয় অবাক হয়ে দেখল রুমে প্রবেশের সাথে সাথে পর্যাপ্ত আলো জ্বলে ওঠে এবং এয়ার কন্ডিশনারের তাপমাত্রা স্বয়ংক্রিয়ভাবে বাইরের তাপমাত্রার সাথে সামাঞ্জস্য রেখে রুমের তাপমাত্রা ঠিক রাখে।

ক) টেলেকনফারেন্সিং কী?

খ) ন্যানোটেকনোলজি বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের নভোটিয়েটারের প্রযুক্তিটি কী ? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের সানজিদার বন্ধুর বাসার প্রযুক্তিটি মানুষের জীবনযাত্রা আরামদায়ক করার ক্ষেত্রে কী ভাবে ভূমিকা রাখবে বলে মনে কর? বিশ্লেষণ কর।

প্রশ্নঃ৫

একটি ওয়েসাইটে নিম্নোক্ত টেবিলটি রয়েছে।

| SL NO. | NAME | DATE OF BIRTH | PHOTOGRAPH |
|---|---|---|---|
| 1 | Nahid | 19/1/2011 | Nahid.jpg |
| 2 | Salman | 11/2/2012 | Salman.jpg |

উল্লেখ্য টেবিলটির ছবিগুলো কম্পিউটারের E ড্রাইভের Picture নামক ফোল্ডারে রয়েছে।

ক) HTML কী ?

খ) অ্যাট্রিবিউট কী? ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের টেবিলটি তৈরির জন্য প্রয়োজনীয় HTML code সমূহ লিখ।

ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়বস্তু ব্রাউজারে প্রদর্শনের উপায় ব্যাখ্যা কর।

## ব্যবসায় সংঘঠন ও ব্যবস্থাপনা:

প্রশ্নঃ৬

কাজল ও তার ৬ বন্ধুসহ একটি গার্মেন্টস্ কারখানা স্থাপন করেন। ২ বছর পর প্রতিষ্ঠানটি নিজ নামে জায়গা কিনে নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়। উত্তম পরিকল্পনার কারণে পন্যের চাহিদা বাড়ে এবং প্রতিষ্ঠানটির সম্প্রসারণ অনিবার্য হয়ে পড়ে। এ অবস্থায় প্রতিষ্ঠানটির পরিচালকদ্বয় প্রতিষ্ঠানের সুযোগসুবিধা মূল্যায়ন পূর্থক জনসাধারনের কাছ থেকে ৫ কোটি টাকা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন।

ক) সংঘবিধি কী?

খ) অবলেখক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ) নিজ নামে জমি কেনার ক্ষেত্রে উদ্দীপকের প্রতিষ্ঠানটির কোন্ বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের প্রতিষ্ঠানের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে বিদ্যামান পরিচালনা পর্ষদে কোনো পরিবর্তনের আবশ্যকতা আছে কিনা? তোমার উত্তরের সাপেক্ষে যুক্তি দাও।

## হিসাববিজ্ঞান

প্রশ্নঃ৭

_মেসার্স জুনায়েদ ট্রেডার্স
রেওয়ামিল
৩০ জুন, ২০১৬

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫,০৯,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় ( ১৫% ভ্যাটসহ) | ৪,৭২,০০০ | ৮,২০,০০০ |
| পণ্য ফেরত | ১৫,০০০ | ১২,০০০ |
| স্থায়ী সম্পত্তি | ৪,৮০,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ১০,০০০ |
| ১৫% বন্ধকী ঋণ (৩০-১১-২০১৫) | | ২,৫০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৩০,০০০ | |
| হাতে নগদ | ৭৮,০০০ | |
| বেতন | ২০,০০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২,৬০,০০০ | ৩,৫০,০০০ |
| চালানি কারবারে প্রেরিত পণ্য | ৬০,০০০ | |
| মজুদ পণ্য ( ০১-০৭-২০১৫) | ২,৫০,০০০ | |
| ব্যাংক জমা | ১,০০,০০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০১-২০১৫) | ২,০০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | | ২৪,০০০ |
| | ১৯,৭৫,০০০ | ১৯,৭৫,০০০ |

***সমন্বয়সমূহঃ*** ১. মুনাফাবিহীন বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয়ে অন্তর্ভুক্ত আছে। ২. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,০০,০০০ টাকা। ৩. চালানি কারবারে প্রেরিত পণ্য চালান প্রাপক ৭০,০০০ টাকায় বিক্রয় করেছে। চালান প্রাপককে ১০% কমিশন প্রদান করতে হবে। ৪. প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা অবলোপন করো। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতির ব্যবস্থা করো। ৫. বিলম্বিত বিজ্ঞাপনের ২/৩ অংশ অবলোপন করো।

ক) চালানি কারবার প্রেরিত পণ্যের লাভ বা ক্ষতি নির্ণয় করো।
খ) ২০১৬ সালের ৩০ জুন সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরী করো।
গ) চলতি মূলধনের পরিমাণ নির্ণয় করো।

## <u>ফিন্যান্সঃ</u>

<u>প্রশ্নঃ৮</u>

মাহিন ও তার বন্ধু ফাহিম দুইজনেই বইয়ের দোকানদার । তারা তাদের অতিরিক্ত টাকা শেয়ার বাজারে বিনিয়োগের সিদ্ধান্ত নিল। দুইজনের কেউই শেয়ার বাজার সম্পর্কে অভিজ্ঞ নয়। মাহিন তার মূলধন দিয়ে ৪ টি কোম্পানির শেয়ার কেনেন। অন্যদিকে ফাহিম অতিরিক্ত মুনাফার আশায় তার সব মূলধন দিয়ে একটি কোম্পানির শেয়ার কেনে।

ক) প্রাথমিক বাজার কী?

খ) মানি লন্ডারিং বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকের আলোকে মাহিনের বিনিয়োগকে কোন ধরনের বিনিয়োগ বলা যায়? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের আলোকে ফাহিমের বিনিয়োগ সিদ্ধান্তটি কি যথাযথ হয়েছে? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও।

## <u>ব্যাংকিং ও বিমাঃ</u>

<u>প্রশ্নঃ৯</u>

একটি জাহাজ ২০ শে এপ্রিল চট্টগ্রাম বন্দর ছেড়ে কলম্বো যাত্রার কথা থাকলে তা ভিন্নপথে ২২ শে এপ্রিল কলম্বো যাত্রা করে। যাত্রাপথে ভিন্নপথে যাওয়ায় নিমজ্জিত পাহাড়ে ধাক্কা লেগে জাহাজটি ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে বিমা কোম্পানির কাছে বিমা দাবি পেশ করা হয়।

ক) লয়েড বিমাপত্র কী?

খ) পণ্য নিক্ষেপণ বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকে জাহাজটিকে কোন ধরনের বিপদ মোকাবিলা করতে হয়েছে।

ঘ) উদ্দীপকে বর্ণিত অবস্থায় জাহাজের মালিক বিমাদাবি পাবে কী? তোমার উত্তর বিশ্লেষণ কর।

## <u>অর্থনীতিঃ</u>

<u>প্রশ্নঃ১০</u>

নিম্নে চাহিদা সূচি দেওয়া আছেঃ

| দাম (P) | চাহিদার পরিমান (Q) |
|---|---|
| ৫ টাকা | ৫৫ একক |
| ১৫ টাকা | ৫ একক |

ক) চাহিদার সম্প্রসারন কী?

খ) চাহিদার অপেক্ষক ও যোগান অপেক্ষকের মধ্যে পার্থক্য দেখাও।

গ) উদ্দীপক হতে চাহিদা রেখা অংকন করে ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের আলোকে দাম স্থিতিস্থাপকতা নির্নয় করে দ্রব্যের প্রকৃতি ব্যাখ্যা কর।